# আইন কমিশন (কর্মকর্তা) নিয়োগ বিধিমালা-২০০৯

যেহেতু আইন কমিশন আইন, ১৯৯৬ এর ৯ (ক) ধারা অনুযায়ী আইন কমিশনের কর্মকর্তাদের জন্য একটি নিয়োগ বিধিমালা প্রণয়ন করা প্রয়োজন ও সমীচীন, সেহেতু এতদ্বারা নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করা হইল ।

১ । **সংক্ষিপ্ত শিরোনাম ।-** (১) এই বিধিমালা আইন কমিশন (কর্মকর্তা) নিয়োগ বিধিমালা, ২০০১ নামে অভিহিত হইবে ।

(২) এই বিধিমালা তপসিলে উল্লেখিত কমিশনের সকল কর্মকর্তার জন্য প্রযোজ্য হইবে, তবে সরকার বা কোন স্থানীয় কর্তৃপক্ষ হইতে প্রেষণে নিয়োজিত অথবা চুক্তি বা খন্ডকালীন ভিত্তিতে নিয়োজিত কর্মকর্তাদের ক্ষেত্রে এই বিধিমালা প্রযোজ্য হইবে না যদি তাহাদের চাকুরীর শর্তে এই বিধিমালা প্রযোজ্য হইবে বলিয়া স্পষ্টভাবে উল্লেখিত না থাকে ।

২ । **সংজ্ঞা ।-** বিষয় কিংবা প্রসঙ্গের পরিপন্থী কিছু না থাকিলে, এই বিধিমালায়-

(ক) ''অসদাচরণ'' অর্থ চাকুরীর শৃংখলা বা নিয়মের হানিকর আচরণ, অথবা কোন কর্মকর্তা বা ভদ্রজনের পক্ষে অশোভনীয় এমন আচরণ, এবং নিম্নবর্ণিত আচরণ সমহূও ইহার অন্তর্ভূক্ত হইবে । যথাঃ

(অ) উর্ধ্বতন কর্মকর্তার আইনসংগত আদেশ অমান্যকরণ;

(আ) কর্তব্যে গুরুতর অবহেলা করণ;

(ই) কোন আইন সংগত কারণ ব্যতিরেকে কমিশনের কোন আদেশ, পরিপত্র এবং নির্দেশাবলীর প্রতি অবজ্ঞা প্রর্দশন এবং

(ঈ) কোন কর্তৃপক্ষের নিকট কোন কর্মকর্তা বা কর্মচারীর বিরদ্ধে বিচার বিবেচনাহীন, বিরক্তিকর মিথ্যা, বা অসার-অভিযোগ সম্বলিত দরখাস্ত/অভিযোগ পেশ করণ ।

(খ) ''আইন'' অর্থ আইন কমিশন আইন ১৯৯৬ ।

(গ) ''কমিশন'' অর্থ আইন কমিশন, ঢাকা, বাংলাদেশ ।

(ঘ) ''কর্মকর্তা'' অর্থ আইন কমিশনের কোন কর্মকর্তা ।

(ঙ) ''তফসিল'' অর্থ এই বিধিমালার সহিত সংযোজিত তফসিল ।

(চ) ''নিয়োগকারী কর্তৃপক্ষ'' অর্থ সরকার বা সরকার কর্তৃক মনোনীত বা ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তি ।

(জ) ''পদ'' অর্থ তফসিলে উল্লিখিত কোন পদ ।

(ঝ) ''প্রয়োজনীয় যোগ্যতা'' অর্থ সংশ্লিষ্ট পদের জন্য তফসিলে উল্লিখিত যোগ্যতা ।

(ঞ) ''পদোন্নতি কমিটি'' অর্থ কমিশন বা তৎকর্তৃক মনোনীত তিনজন জ্যেষ্ঠ কর্মকর্তার সমন্বয়ে নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক গঠিত কমিটি ।

(ট) ''শিক্ষানবিস'' অর্থ কোন পদে শিক্ষানবিস হিসাবে নিযুক্ত কোন ব্যক্তি ।

৩ । **নিয়োগ পদ্ধতি ।-**

(১) তফসিলে বর্ণিত বিধান সাপেক্ষে কমিশনের কোন কর্মকর্তা পদে নিম্নেউল্লিখিত পদ্ধতিতে উপযুক্ত প্রার্থীকে নিয়োগদান করা হইবে ।

(ক) সরাসরি নিয়োগের মাধ্যমে ;

(খ) পদোন্নতির মাধ্যমে;

(গ) প্রেষণে বদলির মাধ্যমে;

(২) কোন ব্যক্তিকে কোন পদে নিয়োগ করা হইবে না যদি তিনি তফসিলে বর্ণিত বয়ঃসীমা ও যোগ্যতার অধিকারী না হন ।

৪ । **সরাসরি নিয়োগ ।-** (১) বাংলাদেশ সরকারী কর্মকমিশনের সুপারিশ ব্যতিরেকে কোন পদে কোন ব্যক্তিকে সরাসরি নিয়োগ করা যাইবে না ।

(২) কোন পদে সরাসরি নিয়োগের জন্য কোন ব্যক্তি যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না, যদি তিনি

(ক) বাংলাদেশের নাগরিক ও স্থায়ী বাসিন্দা না হন;

(খ) এমন কোন ব্যক্তিকে বিবাহ করেন বা বিবাহ করিবার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন যিনি বাংলাদেশের নাগরিক নন ।

(৩) কোন পদে সরাসরি নিয়োগ করা হইবে না যদি -

(ক) নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তির স্বাস্থ্য পরীক্ষার উদ্দেশ্যে সরকার কর্তৃক মনোনীত কোন মেডিকেল অফিসার এই মর্মে প্রত্যয়ন না করেন যে, উক্ত ব্যক্তি স্বাস্থ্যগতভাবে অনুরূপ পদে নিয়োগ যোগ্য এবং তিনি এইরূপ কোন দৈহিক বৈকল্যে ভুগিতেছেন না, যাহা সংশ্লিষ্ট পদের দায়িত্ব পালনে কোন ব্যাঘাত সৃষ্টি করিতে পারে এবং

(খ) এই রূপে বাছাইকৃত ব্যক্তির পূর্ব কার্যকলাপ তাহার নিজ জেলার পুলিশ সুপার এর মাধ্যমে তদন্ত না হইয়া থাকে ও তদন্তের ফলে দেখা না যায় যে, প্রজাতন্ত্রের চাকুরীতে নিযুক্তির জন্য তিনি অনুপযুক্ত নহেন ।

(৪) কোন ব্যক্তিকে কোন পদের জন্য সুপারিশ করা হইবে না, যদি তিনি -

(ক) উক্ত পদের জন্য কমিশন বা নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক দরখাস্ত আহ্বানের বিজ্ঞপ্তিতে উল্লিখিত মতে দরখাস্ত দাখিল না করিয়া থাকেন;

(খ) সরকারী চাকুরী কিংবা কোন স্থানীয় কর্তৃপক্ষের চাকুরীতে নিয়োজিত থাকাকালে স্বীয় উর্ধ্বতন কর্তৃপক্ষের মাধ্যমে দরখাস্ত দাখিল না করেন;

৫ । **পদোন্নতির মাধ্যমে নিয়োগ ।-** (১) এতদুদ্দেশ্যে সরকার কর্তৃক গঠিত পদোন্নতি কমিটির সুপারিশের ভিত্তিতে তফসিলে বর্ণিত যোগ্যতা সাপেক্ষে কোন পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগ করা যাইবে ।

(২) যদি কোন ব্যক্তির চাকুরীর বৃত্তান্ত সন্তোষজনক না হয়, তাহা হইলে তিনি কোন পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগের যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না ।

৬ । **শিক্ষনবিশী ।-** (১) স্থায়ী শূণ্য পদের বিপরীতে কোন পদে নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তিকে শিক্ষানবিশী স্তরে-

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে নিয়োগের তারিখ হইতে দুই বৎসরের জন্য এবং

(খ) পদোন্নতির ক্ষেত্রে উক্তরূপ নিয়োগের তারিখ হইতে এক বৎসরের জন্য নিয়োগ করা হইবে

তবে শর্ত থাকে যে, নিয়োগকারী কর্তৃপক্ষ কারণ লিপিবদ্ধ করিয়া শিক্ষানবিশীর মেয়াদ দুই বৎসর পর্যন্ত বর্ধিত করিতে পারিবেন।

(২) যে ক্ষেত্রে কোন শিক্ষানবিশের মেয়াদ চলাকালে নিয়োগকারী কর্তৃপক্ষ মনে করেন যে, তাহার আচরণ ও কর্ম সন্তোষজনক নহে, কিংবা তাহার কর্মদক্ষ হওয়ার সম্ভাবনা নাই সেই ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষ-

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে শিক্ষানবিশের চাকুরীর অবসান ঘটাইতে পারিবেন;

(খ) পদোন্নতির ক্ষেত্রে তাঁহাকে যে পদ হইতে পদোন্নতি দেওয়া হইয়াছিল, সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবেন।

(৩) কোন শিক্ষানবিশীর মেয়াদ বর্ধিত করা হইলে, তাঁহার ক্ষেত্রেও উপ-বিধি (২) এর বিধান প্রযোজ্য হইবে।

৭। **প্রেষণে বদলির মাধ্যমে নিয়োগ।** (১) কমিশনের কোন পদে সরকারী কর্মকর্তাকে নিয়োগ প্রদানের প্রয়োজন দেখা দিলে কমিশন এইরূপ কর্মকর্তাকে প্রেষণে বদলির মাধ্যমে কমিশনে ন্যস্ত করার জন্য সরকারকে অনুরোধ করিতে পারিবে।

(২) উপ-বিধি (১) মতে কমিশনের অনুরোধ প্রাপ্তির পর উক্তরূপ কোন কর্মকর্তার চাকুরীর শর্তাবলী নির্ধারণ প□র্বক সরকার তাঁহাকে বদলীর মাধ্যমে আইন কমিশনে ন্যস্ত করিতে পারিবে।

## তফসিল

| ক্রমিক নং | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বো□চ বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | নিয়োগের জন্য ন□ন্যতম যোগ্যতা |
|---|---|---|---|---|
| ১। | সচিব | | **পদোন্নতির মাধ্যমেঃ** মূখ্য গবেষণা কর্মকর্তার পদ হইতে পদোন্নতির মাধ্যমে প্রেষণে নিয়োগের মাধ্যমেঃ বি, সি, এস, (বিচার) ক্যাডারের জেলা ও দায়রা জজগনের মধ্য হইতে অথবা সরকারের যুগ্ম সচিবগনের মধ্য হইতে প্রেষণে নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রেঃ** ম□খ্য গবেষণা কর্মকর্তা হিসাবে পাঁচ বৎসরের চাকুরীর অভিজ্ঞতা। |
| ২। | মূখ্য গবেষণা কর্মকর্তা | | **পদোন্নতির মাধ্যমেঃ** সিনিয়র গবেষণা কর্মকর্তার পদ হইতে পদোন্নতির মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রেঃ** সিনিয়র গবেষণা কর্মকর্তা পদে নিরবিচ্ছিন্নভাবে পাঁচ |

| | | | | |
|---|---|---|---|---|
| | | | **প্রেষণে নিয়োগের মাধ্যমেঃ**<br>পদোন্নতির জন্য যোগ্য প্রার্থী পাওয়া না গেলে বি,সি,এস (বিচার) ক্যাডারের অতিরিক্ত জেলা ও দায়রা জজগণের মধ্য হইতে প্রেষণে নিয়োগের মাধ্যমে। | বৎসরের চাকুরীর অভিজ্ঞতা। |
| ৩। | সিনিয়র গবেষণা কর্মকর্তা | অনূর্ধ্ব ৩৫ বৎসর | **সরাসরি নিয়োগের মাধ্যমেঃ**<br>**পদোন্নতির মাধ্যমেঃ**<br>গবেষণা কর্মকর্তার পদ হইতে পদোন্নতির মাধ্যমে।<br><br>**প্রেষণে নিয়োগের মাধ্যমেঃ** পদোন্নতির জন্য যোগ্য প্রার্থী পাওয়া না গেলে বি, সি, এস (বিচার) ক্যাডারের সাবজজ পদমর্যাদার কর্মকর্তাগণের মধ্য হইতে প্রেষণে নিয়োগের মাধ্যমে। | **সরাসরি নিয়োগের ক্ষেত্রেঃ**<br>সরকার কর্তৃক স্বীকৃত যে কোন বিশ্ববিদ্যালয় হইতে এল এল, বি (সম্মান) সহ এল এল, এম ডিগ্রী এবং যে কোন একটিতে প্রথম শ্রেনীসহ আইন পেশায় নূন্যতম সাত বৎসরের বাস্তব অভিজ্ঞতা।<br>**পদোন্নতির ক্ষেত্রেঃ**<br>গবেষণা কর্মকর্তা পদে পাঁচ বৎসরের চাকুরীর অভিজ্ঞতা। |
| ৪। | গবেষণা কর্মকর্তা | সর্বোচ্চ ৩০ বৎসর | **সরাসরি নিয়োগের মাধ্যমেঃ**<br>**প্রেষণে নিয়োগের মাধ্যমেঃ**<br>কোন কারণে সরাসরি নিয়োগের জন্য যোগ্য প্রার্থী পাওয়া না গেলে বি, সি, এস (বিচার) ক্যাডারের সিনিয়র সহকারী জজ/সহকারী জজগণের মধ্য হইতেপ্রেষণে নিয়োগের মাধ্যমে। | **সরাসরি নিয়োগের ক্ষেত্রেঃ**<br>সরকার কর্তৃক স্বীকৃত যে কোন বিশ্ববিদ্যালয় হইতে এল এল, বি (অনার্স) সহ এল এল, এম ডিগ্রী এবং আইন পেশায় কমপক্ষে তিন বৎসরের বাস্তব অভিজ্ঞতা। |
| ৫। | লেজিসলেটিভ ড্রাফটসম্যান | সর্বোচ্চ ৩৫ বৎসর | **সরাসরি নিয়োগের মাধ্যমেঃ**<br>**পদোন্নতির মাধ্যমেঃ**<br>গবেষণা কর্মকর্তাগণের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে।<br><br>**প্রেষণে নিয়োগের মাধ্যমেঃ**<br>পদোন্নতির জন্য যোগ্য প্রার্থী পাওয়া না গেল বি, সি, এস (বিচার) ক্যাডারের সাবজজগণের মধ্য হইতে প্রেষণে নিয়োগের মাধ্যমে। | **সরাসরি নিয়োগের ক্ষেত্রেঃ**<br>সরকার কর্তৃক স্বীকৃত যে কোন বিশ্ববিদ্যালয় হইতে এল এল, বি (অর্নাস) সহ এল এল, এম ডিগ্রী এবং লেজিসলেটিভ ড্রাফটিং এ ডিপ্লোমাসহ নূন্যতম তিন বৎসরের বাস্তব অভিজ্ঞতা।<br><br>**পদোন্নতির ক্ষেত্রেঃ**<br>গবেষণা কর্মকর্তা হিসাবে পাঁচ বৎসরের চাকুরীর অভিজ্ঞতা। |
| ৬। | সহকারী সচিব/সিনিয়র সহকারী সচিব | সর্বোচ্চ ৩০ বৎসর | **সরাসরি নিয়োগের মাধ্যমে (সহকারী সচিব)ঃ**<br>**পদোন্নতির মাধ্যমেঃ**<br>(ক) সিনিয়র সহকারী সচিবঃ সহকারী সচিব এর পদ হইতে পদোন্নতির মাধ্যমে। | **সরাসরি নিয়োগের ক্ষেত্রেঃ**<br>সহকারী সচিব পদে সরাসরি নিয়োগের ক্ষেত্রে সরকার কর্তৃক স্বীকৃত যে কোন বিশ্ববিদ্যালয় হইতে অনার্স সহ মাস্টার ডিগ্রী। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | | (খ) সহকারী সচিবঃ<br>প্রশাসনিক কর্মকর্তা এর পদ হইতে পদোন্নতির মাধ্যমে ।<br>**প্রেষণে নিয়োগের মাধ্যমেঃ**<br>কোন কারণে সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব এর পদটি পূরণ করা না গেলে বি, সি, এস ক্যাডার সার্ভিসের যে কোন কর্মকর্তাকে প্রেষণে নিয়োগের মাধ্যমে । | **পদোন্নতির ক্ষেত্রেঃ**<br>সহকারী সচিব পদে পদোন্নতির ক্ষেত্রে প্রশাসনিক কর্মকর্তার পদে পাঁচ বৎসরের চাকুরীর অভিজ্ঞতা । |

| | | | | |
|---|---|---|---|---|
| ৭ । | একান্ত সচিব | সর্বোচ্চ ৩০ বৎসর | **সরাসরি নিয়োগের মাধ্যমেঃ**<br>**পদোন্নতির মাধ্যমেঃ** প্রশাসনিক কর্মকর্তার পদ হইতে পদোন্নতির মাধ্যমে ।<br>**প্রেষণে নিয়োগের মাধ্যমেঃ**<br>কোন কারণে সরাসরি নিয়োগ বা পদোন্নতির মাধ্যমে একান্ত সচিবের পদটি পূরণ করা না গেলে বি, সি, এস ক্যাডার সার্ভিসের যে কোন কর্মকর্তাকে প্রেষণে নিয়োগের মাধ্যমে । | **সরাসরি নিয়োগের ক্ষেত্রেঃ**<br>সরকার কর্তৃক স্বীকৃত যে কোন বিশ্ববিদ্যালয় হইতে দ্বিতীয় শ্রেণীর অনার্সসহ মাস্টার ডিগ্রী অথবা সনাতকসহ মাস্টার ডিগ্রীর ক্ষেত্রে যে কোন একটিতে প্রথম শ্রেণী ।<br>**পদোন্নতির ক্ষেত্রেঃ**<br>প্রশাসনিক কর্মকর্তার পদে পাঁচ বৎসরের চাকুরীর অভিজ্ঞতা |
| ৮ । | অনুবাদ কর্মকর্তা | সর্বোচ্চ ৩০ বৎসর | **সরাসরি নিয়োগের মাধ্যমেঃ**<br>**প্রেষণে নিয়োগের মাধ্যমেঃ**<br>কোন কারণে সরাসরি নিয়োগের জন্য যোগ্য প্রার্থী পাওয়া না গেলে বি, সি, এস ক্যাডার সার্ভিসের যে কোন কর্মকর্তাকে প্রেষণে নিয়োগের মাধ্যমে । | **সরাসরি নিয়োগের ক্ষেত্রেঃ**<br>সরকার কর্তৃক স্বীকৃত যে কোন বিশ্ববিদ্যালয় হইতে বাংলা অথবা ইংরেজী সাহিত্যে অনার্সসহ মাস্টার ডিগ্রী । |
| ৯ । | প্রোগামার | সর্বোচ্চ ৩৫ বৎসর | **সরাসরি নিয়োগের মাধ্যমেঃ**<br>**পদোন্নতির মাধ্যমেঃ** সহকারী প্রোগামারের পদ হইতে পদোন্নতির মাধ্যমে । | **সরাসরি নিয়োগের ক্ষেত্রেঃ**<br>(ক) পদার্থ বিজ্ঞান/ফলিত পদার্থ বিজ্ঞান/ গণিত শাস্ত্র/পরিসংখ্যাণ/অর্থনীতি/ সমাজ বিজ্ঞান/ব্যবসা প্রশাসন ও অনার্সসহ মাস্টার ডিগ্রী অথবা বি, এসসি (ইঞ্জিনিয়ারিং) অথবা কম্পিউটার সায়েন্সে মাস্টার ডিগ্রী ।<br>(খ) যে কোন স্বীকৃত কম্পিউটার সোসাইটির সদস্য হইতে হইবে ।<br>**পদোন্নতির ক্ষেত্রেঃ**<br>সহকারী প্রোগামার হিসাবে সাত বৎসরের চাকুরীর |

| | | | | |
|---|---|---|---|---|
| | | | | অভিজ্ঞতা। |
| ১০। | সহকারী প্রোগ্রামার | সর্বোচ্চ ৩০ বৎসর | **সরাসরি নিয়োগের মাধ্যমেঃ**<br>**পদোন্নাতির মাধ্যমেঃ** কম্পিউটার অপারেটরের পদ হইতে পদোন্নতির মাধ্যমে। | **সরাসরি নিয়োগের ক্ষেত্রেঃ**<br>ক) পদার্থ বিজ্ঞান/ফলিত পদার্থ বিজ্ঞান/ গণিত শাস্ত্র/পরিসংখ্যাণ/অর্থনীতি/সমাজ বিজ্ঞান/ব্যবসা প্রশাসন ও অনার্সসহ মাস্টার ডিগ্রী অথবা বি, এসসি (ইঞ্জিনিয়ারিং) অথবা কম্পিউটার সায়েন্সে মাস্টার ডিগ্রী।<br>(খ) যে কোন স্বীকৃত কম্পিউটার সোসাইটির সদস্য হইতে হইবে।<br>(গ) প্রোগ্রামিং এ গ্রহণযোগ্য মান থাকিতে হইবে। যে কোন স্বীকৃত কম্পিউটার সোসাইটির সদস্য হইতে হইবে এবং‌াতক ডিগ্রীসহ কম্পিউটার চালনায় তিন বৎসরের অভিজ্ঞতা অথবা সনাতক ডিগ্রীসহ ডাটা এন্ট্রি/কন্ট্রোল এ ছয় বৎসরের বাস্তব অভিজ্ঞতা।<br>**পদোন্নতির ক্ষেত্রেঃ**<br>কম্পিউটার অপারেটর হিসাবে পাঁচ বৎসরের চাকুরীর অভিজ্ঞতা। |
| ১১। | লাইব্রেরীয়ান | সর্বোচ্চ ৩০ বৎসর | **সরাসরি নিয়োগের মাধ্যমেঃ**<br>**পদোন্নতির মাধ্যমেঃ** সহকারী লাইব্রেরীয়ানের পদ হইতে পদোন্নতির মাধ্যমে | **সরাসরি নিয়োগের ক্ষেত্রেঃ**<br>সরকার কর্তৃক স্বীকৃত যে কোন বিশ্ববিদ্যালয় হইতে দ্বিতীয় শ্রেণীর‌াতক ডিগ্রীসহ গ্রন্থাগার বিজ্ঞানে ডিপ্লোমা।<br>**পদোন্নতির মাধ্যমেঃ**<br>সহকারী লাইব্রেরীয়ান হিসাবে পাঁচ বৎসরের চাকুরীর অভিজ্ঞতা। |
| ১২। | সহকারী লাইব্রেরীয়ান | সর্বোচ্চ ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমেঃ | **সরাসরি নিয়োগের ক্ষেত্রেঃ**<br>সরকার কর্তৃক স্বীকৃত যে কোন বিশ্ববিদ্যালয় হইতে সনাতক ডিগ্রীসহ গ্রন্থাগার বিজ্ঞানে ডিপ্লোমা। |